# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন: ০২৩৩৪৪০৬৩২৮, ই-মেইল: comillaboard@gmail.com

website: www.comillaboard.gov.bd


স্মারক: ৫সি/সংস্থা/জনপ্রশাসন/২০২৩/১৩৬ তারিখ: ২১/০৯/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহ অস্থায়ীভাবে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনক্রম | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | প্রোগ্রামার<br>গ্রেড-৬<br>বেতনক্রম: ৩৫৫০০-৬৭০১০/- | ০১ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কোন সরকারি/স্বায়ত্তশাসিত-আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরি। |
| ২. | সহকারী প্রোগ্রামার<br>গ্রেড-৯<br>বেতনক্রম: ২২০০০-৫৩০৬০/- | ০১ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>খ) ইন্টারনেট প্রোগ্রামিং জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩. | এসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার<br>গ্রেড-৯<br>বেতনক্রম: ২২০০০-৫৩০৬০/- | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৪. | উপ-সহকারী প্রকৌশলী<br>গ্রেড-১০<br>বেতনক্রম: ১৬০০০-৩৮৬৪০/- | ০১ | সরকারি বা সরকার কর্তৃক অনুমোদিত ইনস্টিটিউট থেকে পুরকৌশলে ডিপ্লোমা (স্থাপত্য) পাস এবং কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫. | সহকারী ক্রীড়া অফিসার<br>গ্রেড-১০<br>বেতনক্রম: ১৬০০০-৩৮৬৪০/- | ০১ | বিপিএড ডিগ্রিধারী হতে হবে। |
| ৬. | নিরাপত্তা অফিসার<br>গ্রেড-১০<br>বেতনক্রম: ১৬০০০-৩৮৬৪০/- | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। অবসরপ্রাপ্ত সামরিক অফিসারের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। |
| ৭. | সহকারী গ্রন্থাগারিক কাম-ক্যাটালগার<br>গ্রেড-১০<br>বেতনক্রম: ১৬০০০-৩৮৬৪০/- | ০১ | স্নাতক বা সমমানের ডিগ্রি ও লাইব্রেরি সাইন্সে ডিগ্রি/ডিপ্লোমাসহ ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | ইমাম<br>গ্রেড-১৩<br>বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/- | ০১ | ন্যূনতম আলিম পাসসহ ৫ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। |
| ৯. | ড্রাফটসম্যান<br>গ্রেড-১৩<br>বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/- | ০১ | কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনস্টিটিউট থেকে পুরকৌশলে ডিপ্লোমা (স্থাপত্য) পাস এবং কমপক্ষে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>গ্রেড-১৩<br>বেতনক্রম: ১১০০০-২৬৫৯০/- | ০২ | কোন স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude এ উত্তীর্ণ হতে হবে। |
| ১১. | সনদ লেখক<br>গ্রেড-১৫<br>বেতনক্রম: ৯৭০০-২৩৪৯০/- | ০২ | উচ্চমাধ্যমিক পাসসহ সুন্দর হাতের লেখার অধিকারী হতে হবে।<br>বাংলা ও ইংরেজি কম্পিউটার টাইপিং জানা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৫<br>বেতনক্রম: ৯৭০০-২৩৪৯০/- | ২৪ | উচ্চমাধ্যমিক পাসসহ বাংলা ও ইংরেজি কম্পিউটার টাইপিং এ স্পিড যথাক্রমে ২৫ ও ৩০ হতে হবে। |
| ১৩. | গাড়ি চালক<br>গ্রেড-১৫<br>বেতনক্রম: ৯৭০০-২৩৪৯০/- | ০৩ | ৮ম শ্রেণি পাস। হেভি ও লাইট যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারী হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর অগ্রাধিকার/ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা। |
| ১৪. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৫<br>বেতনক্রম: ৯৭০০-২৩৪৯০/- | ০১ | কোন স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>ইলেকট্রিক্যাল ট্রেড কোর্স পাস সার্টিফিকেটধারী হতে হবে। |

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন: ০২৩৩৪৪০৬৩২৮, ই-মেইল: comillaboard@gmail.com
website: www.comillaboard.gov.bd

**শর্তাবলি:**

১. ০১-১০-২০২৩ তারিখে ক্রমিক ২নং হতে ১৪নং ক্রমিক পর্যন্ত সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং ক্রমিক নং-১ এ বর্ণিত প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩৫ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান অনুসরণ করা হবে।

৪. প্রার্থীকে লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৬. কর্তৃপক্ষ পদসমূহ হ্রাস-বৃদ্ধি করতে পারবেন এবং কোনোরকম কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৭. লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত/মনোনীত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নে বর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক সত্যায়িত কপি দাখিল করতে হবে:

ক. শিক্ষাগত যোগ্যতার (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতাসহ) সকল প্রকার সনদ/সাময়িক সনদ;

খ. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক ও চারিত্রিক সনদপত্র;

গ. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের অনলাইন কপি;

ঘ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের জন্য সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধার প্রয়োজনীয় সনদ ও কাগজপত্র এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের অনুকূলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঙ. ডাউনলোডকৃত Applicant's কপি এবং Admit Card এর রঙ্গিন প্রিন্ট কপি।

চ. ড্রাইভার পদের ক্ষেত্রে ভারি যানবাহন চালনার হালনাগাদ বৈধ ডিজিটাল ড্রাইভিং লাইসেন্স এর মূল কপি।

৮. নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি ও SMS এ ফি প্রদানের নমুনা পদ্ধতি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) পাওয়া যাবে।

৯. আগ্রহী প্রার্থীগণ bisec.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০. একজন প্রার্থী কেবল একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১. অনলাইনে আবেদনের সময়: ২৬-০৯-২০২৩ সকাল ১১.০০ টা থেকে ১৬-১০-২০২৩ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত।

১২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২১।৯।২০২৩
(প্রফেসর নূর মোহাম্মদ)
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা

প্রফেসর নূর মোহাম্মদ
সচিব
বিআইএসই, কুমিল্লা